গাংনীতে ককটেল দিয়ে অন্যকে ফাঁসাতে গিয়ে গ্যাড়াকলে দুই জন

মেহেরপুরের গাংনীর কসবা গ্রামে ককটেল দিয়ে অন্যকে ফাঁসাতে গিয়ে পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছে জিয়ারুল (৩৮) ও জহির উদ্দীন (৫৮) নামের দুই জন।

সোমবার রাত সাড়ে ১২টার দিকে দুটি ককটেল ও ককটেল তৈরীর সরঞ্জামাদিসহ তাদেরকে গ্রেপ্তার করে গাংনী থানা পুলিশ। আজ মঙ্গলবার সকালে দুজনকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গভীর রাতে গাংনীর কসবা গ্রামের গোলাম রসুল নামের এক ব্যক্তির বাড়ির পেছনে খড়ের গাদায় ককটেল আছে এমন সংবাদ দেয় মুসাদ আলীর ছেলে জিয়ারুল ও জারমান আলীর ছেলে জহির উদ্দীন।

সংবাদ পেয়ে এসআই রাজ্জাক ও সঙ্গীয় ফোর্স ঘটনাস্থলে গেলে সংবাদদাতা জিয়ারুল ও জহির দুজনেই ওই ককটেল বের করে দেয়। এতে সন্দেহ হলে পুলিশ তাদের জিজ্ঞাসাবাদ করে। এক পর্যায়ে পুর্ব শত্রুতার জের ধরে তারা ককটেল রেখে গোলাম রসুলকে ফাঁসানোর চেষ্টা করেছে বলে স্বীকার করে। পরে পুলিশ ওই দুজনকে গ্রেপ্তার করে।

তাদের বিরুদ্ধে বিষ্ফোরক আইনে মামলাসহ মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে ।

গাংনীতে সাত গরু ব্যাবসায়ীর টাকা লুটের অভিযোগ

মেহেরপুরের গাংনীর মহাম্মদপুরের সাত গরু ব্যাবসায়ীকে খাবারের সাথে ঘুমের ঔষুধ খাইয়ে টাকা লুটের অভিযোগ উঠেছে।

[redacted]

[redacted]

[redacted]

ঘটনার সত্যতা রয়েছে বলে প্রাথমিক ধারনা করা হচ্ছে।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান, এ বিষয়ে অভিযোগ করেছেন এক ব্যাবসায়ী। তবে যার বিরুদ্ধে অভিযোগ তিনি শিকার করছে না। তবে ক্ষতিয়ে দেখে ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।